

2020

BENGALI**[GENERAL]****Paper : II****[NEW SYLLABUS]**

Full Marks : 100

Time : 3 Hours

*The figures in the right-hand margin indicate marks.**Candidates are required to give their answers in their own words as far as practicable.*

- ১। যে-কোনো ছবিটি পশ্চের উত্তর দাও : $1 \times 6 = 6$
- ক) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ‘সিঁদুরচরণ’ গল্পের সিঁদুরচরণ
কত বছর মালিপোতায় বসবাস করেছে?
- খ) ‘নির্বারের স্বপ্নভঙ্গ’—কবিতাটি কোন্ কাব্য গ্রন্থের অন্তর্গত?
- গ) ‘আজু হাম কি পেখলুঁ নবদ্বীপচন্দ।’
— এখানে ‘নবদ্বীপচন্দ’ কাকে বলা হয়েছে?
- ঘ) আশাপূর্ণা দেবীর ‘তাসের ঘর’ গল্পে মমতার স্বামীর নাম
কী?
- ঙ) “গগনে অবস্থন মেহ দারুণ”
— পদটির রচয়িতা কে?
- চ) ‘কত চতুরানন মরি মরি যাওত’ — উদ্ধৃতাংশে ‘চতুরানন’
কাকে বলা হয়েছে?

- ছ) ‘ওগো, তুমি কোথা যাও কোন্ বিদেশে,
বারেক ভিড়াও তরী কুলেতে এসে।’
— ‘ওগো’ বলে কবি কাকে সম্মোধন করেছেন?
- জ) ‘সুচেতনা’ কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?
- ২। যে-কোনো এগারোটি পশ্চের উত্তর দাও : $2 \times 1 = 22$
- ক) “এর অসলী দামতো দো শত রূপেয়া, লেকিন আপনার
কাছে দেড় শত লিব।”
— উদ্ধৃতাংশটি কোন্ গল্পের অংশ? এখানে কীসের দামের
কথা বলা হয়েছে?
- খ) “বই আর বিয়ে হল সর্বজ্ঞ মশাই, পাত্রাই জুটছে না ...।”
— কে, কোন্ প্রসঙ্গে একথা বলেছেন?
- গ) কবি শঙ্খ ঘোষ রচিত ‘মেরোদের পাড়ায় পাড়ায়’
— কবিতাটির শুরুতে সংবাদপত্র থেকে উদ্ধৃত অংশটি
উল্লেখ করো।
- ঘ) “ঠাঁই নাই, ঠাঁই নাই, ছোটো সে তরী
আমারি সোনার ধানে গিয়েছে ভরি।”
— উদ্ধৃতাংশটি কার লেখা, কোন্ কবিতার অংশ?
- ঙ) “প্রেমক অঙ্কুর জাত আত ভেল”
— পদটি কার রচনা? এটি কোন্ পর্যায়ের পদ?
- চ) ‘গগনে গরজে মেঘ, ঘন বরযা ...’
— উদ্ধৃতাংশটির পরবর্তী চরণটি লেখো।
- ছ) ‘হায়, তাত, উচিত কি তব
এ কাজ, নিকষা সতী তোমার জননী ...’
— কে, কার সম্পর্কে এই উক্তি করেছেন?

- জ) ‘খগেনবাবু’ — গঙ্গের কেন্দ্রীয় নারী চরিত্রটির নাম কী? গল্পটির রচয়িতার নাম লেখো।
- ঝ) “যাঁহা যাঁহা নিকসয়ে তনু তনু জ্যোতি” — পদকর্তা কে? ‘নিকসয়ে’ — শব্দের অর্থ কী?
- ঞ) “এ সংসারের উপর আমার আর কোনু দায় নেই।” — বক্তা কে? কোনু প্রসঙ্গে একথা বলা হয়েছে?
- ট) ‘সঙ্গির মজু তনু অবশ ভেল জনু’ — পদকর্তা কে? ‘সঙ্গির’ শব্দের অর্থ কী?
- ঠ) ‘সাষ্টাঙ্গে প্রগমি শূর, কৃতাঞ্জলীপুটে’ — উদ্ধৃতাংশে কার কথা বলা হয়েছে? তিনি কাকে প্রণাম করলেন?
- ড) ‘শেষ স্পর্শ নিয়ে যাব যবে ধৰণীৰ
বলে যাব...’ — কবি পৃথিবীৰ প্রতি কী বলে যেতে চান?
- ঢ) ‘তাহলেই ছবি ছাপবে খবরেৰ কাগজ’
— কোনু কবিতার অংশ? কী হলে খবরেৰ কাগজ ছবি ছাপবে?
- ৩। যে-কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও : $6 \times 7 = 42$
- ক) ‘এক উদাসীন পাহু’ — কবিতায় উল্লিখিত উদাসীন পাহের পরিচয় দাও।
- খ) “রাজ্যতব স্পন্দসম গেছে ছুটে,
সিংহাসন গেছে টুটে, ...”
— প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।
- গ) ‘মেঘনাদবধ’ — কাব্যের যষ্ঠ সর্গ অবলম্বনে বিভিষণ চরিত্রটি বিশ্লেষণ করো।
- ঘ) ‘গৌরচন্দ্রিকা’ কাকে বলে? ‘আজু হাম কি পেখলুঁ
নবদ্বীপচন্দ’ — পদটি অবলম্বনে গৌরচন্দ্রিকার ধারণা স্পষ্ট করো।
- ঙ) ‘পলাতক ও অনুসরণকাৰী’ — গঙ্গের নামকরণের সার্থকতা বিচার করো।
- চ) তোমার পাঠ্যপদ অবলম্বনে আক্ষেপানুরাগের কবি জ্ঞানদাসের কৃতিত্ব বিচার করো।
- ছ) ‘ভাবসম্মিলন’ কাকে বলে? ‘আজু রজনী হাম ভাগে পোহায়লু’ পদটি অবলম্বনে ভাবসম্মিলনের ধারণাটি স্পষ্ট করো।
- জ) ‘নিজগৃহপথ, তাত দেখাও তক্ষণে?’
— প্রসঙ্গ নির্দেশ করে, উদ্ধৃতাংশের তাৎপর্য বিশ্লেষণ করো।
- ঝ) ‘তোমাকে হতেই হবে একদম প্রথম’ — ‘টিউটোরিয়াল’ কবিতার এই অংশটিতে যে সময় সংকট তথা শিক্ষা ব্যবস্থার সংকট উঠে এসেছে তা আলোচনা করো।
- ৪। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 3 = 30$
- ক) রবীন্দ্রনাথ ঠাকুরের ‘নির্বারেৰ স্বপ্নভঙ্গ’ — কবিতাটির মূলভাব নিজের ভাষায় লেখো।
- খ) ‘অভিসার’ বলতে কী বোঝ? ‘অভিসার’ পর্যায়ের পদ রচনায় কবি রায়শেখের কৃতিত্ব বিচার করো।
- গ) পরশুরামের ‘দাঁড়কাগ’ — গল্পটি অবলম্বনে ‘কাথন’ চরিত্রটি বিশ্লেষণ করো।
- ঘ) সমগ্র কাব্যের মধ্যে যষ্ঠ সর্গে মেঘনাদ চরিত্রিকে কবি খুব যত্নসহকারে অঙ্কন করেছেন। — আলোচনা করো।
- ঙ) ‘মেয়েদেৱ পাড়ায় পাড়ায়’ কবিতায় শঙ্খ ঘোষ মেয়েদেৱ সামাজিক অবস্থান ও সমস্যার কথা যেভাবে ব্যক্ত করেছেন তা কবিতাটি অবলম্বনে আলোচনা করো।
-